গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং

নং- ২০.০৫.০০০০.৪৭৮.১৪.১৬০.১৪(অংশ-১)-২৯

তারিখঃ ১৬ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
২৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

**প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার বিজ্ঞপ্তি**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ বিভাগের আওতাধীন ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি) কর্তৃক বাস্তবায়নাধীন "কন্সট্রাকশন অব ১১ কেভি সুইচিং স্টেশনস এ্যাট বঙ্গভবন, গণভবন এ্যান্ড প্রাইম মিনিস্টারস অফিস (২য় সংশোধন)" শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ণ কমিটি (পিইসি)'র সভা আগামী ০৮/০৩/২০১৮ তারিখ বৃহস্পতিবার সকাল ১০.৩০ ঘটিকায় পরিকল্পনা কমিশনের সদস্য (শিল্প ও শক্তি বিভাগ) মহোদয়ের সভাপতিত্বে তাঁর সম্মেলন কক্ষে (ব্লক-১০, কক্ষ-৩) অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় উপযুক্ত প্রতিনিধি (যুগ্ম-প্রধান/যুগ্ম-সচিব পর্যায়ের নিম্নে নয়) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। সভার কার্যপত্র এবং প্রস্তাবিত ডিপিপি এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সিনিয়র সিস্টেম এনালিষ্ট এর দপ্তর
পরিকল্পনা বিভাগ
ডায়রী নং ০২ তারিখঃ ২/৩/১৮
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
ব্যক্তিগত কর্মকর্তা

২৮/২/২০১৮
(মোহাম্মদ তারিফুল বারী)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৬৪৬
ই-মেইলঃ tariful2004@yahoo.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃঃআঃ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা (১১ তলা)]।
৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১০। যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১১। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, ১ অব্দুল গণি রোড, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপ-সচিব, প্রটোকল শাখা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
**(২৫ জন কর্মকর্তার আপ্যায়নের ব্যবস্থা করার অনুরোধসহ)।**
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫। যুগ্ম-প্রধান (শিল্প ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬। যুগ্ম-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭। উপ-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৮। ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা, পরিকল্পনা কমিশন চত্বর পুলিশ ক্যাম্প, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
**(তাঁকে সভায় আমন্ত্রিত অতিথিবৃন্দের কমিশন চত্বরে প্রবেশের সহযোগীতার অনুরোধসহ)।**
৯। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং

**বিষয়ঃ প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার জন্য কার্যপত্র।**

**১। প্রকল্পের নামঃ** কন্সট্রাকশন অব ১১ কেভি সুইচিং স্টেশনস এ্যাট বঙ্গভবন, গণভবন এ্যান্ড প্রাইম মিনিস্টারস অফিস (২য় সংশোধন)।

**২। উদ্যোগী মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থাঃ**

(ক) বিভাগ/মন্ত্রণালয়ঃ বিদ্যুৎ বিভাগ/ বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় ।
(খ) বাস্তবায়নকারী সংস্থাঃ ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড।

**৩। প্রকল্পের বাস্তবায়নকালঃ**

| | আরম্ভ | সমাপ্তি |
|---|---|---|
| অনুমোদিত মূল ডিপিপি অনুযায়ী | ০১-০৭-২০১৪ | ৩০-০৬-২০১৫ |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি | ০১-০৭-২০১৪ | ৩১-১২-২০১৫ |
| ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী | ০১-০৭-২০১৪ | ৩০-০৬-২০১৮ |
| প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী | ০১-০৭-২০১৪ | ৩০-০৬-২০১৮ |

**৪। প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ** (কোটি টাকায়)

| | জিওবি | নিজস্ব | প্রকল্প সাহায্য | মোট |
|---|---|---|---|---|
| মূল ডিপিপি অনুযায়ী | ২৪.৫৯৬৩ | ০.২৯০৭ | - | ২৪.৮৮৭০ |
| ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী | ৩০.৩৫৭৬ | ০.৩৯৫৫ | - | ৩০.৭৫৩১ |
| প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী | ২৫.৯২৮৫ | ০.৩৮২০ | - | ২৬.৩১০৫ |
| ১ম সংশোধিত ডিপিপি ও প্রস্তাবিত ২য় আরডিপিপি'র ব্যয় প্রাক্কলনের পার্থক্য | (-) ৪.৪২৯১ (১৪.৫৯% কম) | (-) ০.০১৩৫ (৩.৪৩% কম) | - | (-) ৪.৪৪২৬ (১৪.৪৫% কম) |

**৫। প্রকল্প এলাকাঃ** বঙ্গভবন, গণভবন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়।

**৬। ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দঃ** ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে আলোচ্য প্রকল্পটির অনুকূলে মোটঃ ৫.৩৫ কোটি (সম্পূর্ণ জিওবি) টাকা বরাদ্দ আছে।

**৭। প্রকল্পের উদ্দেশ্যঃ**

বঙ্গভবন, গণভবন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ে নিরবচ্ছিন্ন ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ।

৮। **প্রস্তাবিত ২য় সংশোধিত প্রকল্পের আওতায় গৃহীত প্রধান কার্যক্রমঃ**

- বঙ্গভবনে ৮০০ বর্গফুট বিশিষ্ট ১তলা ভবন নির্মাণপূর্বক ১১ কেভি সুইচিং ষ্টেশন নির্মাণ।
- গণভবনে নতুন স্থানে ৮০০ বর্গফুট বিশিষ্ট ১তলা ভবন নির্মাণপূর্বক ১১ কেভি সুইচিং ষ্টেশন নির্মাণ।
- প্রধান মন্ত্রীর কার্যালয়ে ২x৮০০ বর্গফুট বিশিষ্ট দ্বিতল ভবন নির্মাণপূর্বক ১১ কেভি সুইচিং ষ্টেশন নির্মাণ।

৯। **প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজনঃ** প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন সংযোজনী 'ক' -তে দ্রষ্টব্য।

১০। **প্রকল্প সংশোধনের কারণঃ** প্রস্তাবিত আরডিপিপিতে যে সকল কারণ উল্লেখ করা হয়েছে তা নিম্নরূপঃ

(ক) বঙ্গভবনের অভ্যন্তরে ১১ কেভি সুইচিং ষ্টেশন নির্মাণের লক্ষ্যে অনুমোদিত ১ম সংশোধিত ডিপিপি'তে ৬০০ বর্গফুট ভবন নির্মাণের সংস্থান রয়েছে। ভবনের নক্সা অনুমোদনের সময় ১১ কেভি সুইচিং ষ্টেশনের মালামালসমূহ (১১ কেভি সুইচগিয়ার, ব্যাটারী এন্ড ব্যাটারী চার্জারসহ অন্যান্য ইকুইপমেন্টসমূহ) ৬০০ বর্গফুট জায়গায় সঠিকভাবে স্থাপনের জন্য স্থান সংকুলান না হওয়ায় ৬০০ বর্গফুট জায়গার পরিবর্তে ৮০০ বর্গফুট জায়গার সংস্থান রাখা হয়েছে।

(খ) গণভবনে (প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অভ্যন্তরে) PWD এর বিদ্যমান ভবন মেরামতপূর্বক ১ম সংশোধিত ডিপিপি'তে ১১ কেভি সুইচিং ষ্টেশন নির্মাণের সংস্থান রয়েছে। PWD কর্তৃক বিদ্যমান ভবন মেরামতপূর্বক ব্যবহার করার অনুমতি প্রদান না করায় তদস্থলে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে লুই কানের নকশার আলোকে গণভবনে (প্রতিরক্ষা মন্ত্রণালয় এর অভ্যন্তরে) ১১ কেভি সুইচিং ষ্টেশন নির্মাণের জন্য ৮০০ বর্গফুট বিশিষ্ট ০১ (এক) তলা ভবন নির্মাণের সংস্থান রাখা হয়েছে।

(গ) উপরে বর্ণিত ০২টি স্থাপনায় অতিরিক্ত ০১টি করে মোট ০২টি ০৫ টন ক্ষমতাসম্পন্ন এয়ার কন্ডিশনার স্থাপন করা হবে।

(ঘ) ১ম সংশোধিত ডিপিপি'তে ডলার (USD) এর বিনিময় হার ৭৮.৬২ (১ USD = টাকা ৭৮.৬২) ছিল। বর্তমানে ডলারের বিনিময় হার বৃদ্ধির কারণে চুক্তি অনুযায়ী যন্ত্রপাতি ও ইকুইপমেন্ট খাতে প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে।

(ঙ) সিডিভ্যাট খাতে প্রাক্কলন ৪৬৬.০০ লক্ষ টাকা হ্রাস পেয়েছে।

**১১। পরিকল্পনা কমিশনের বিশ্লেষণঃ**

**ক) প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ**

বিদ্যুৎ বিভাগের আওতাধীন ডিপিডিসি'র এলাকায় KPI (Key Point Installation) স্থাপনাসমূহের মধ্যে সবচেয়ে অগ্রাধিকার প্রাপ্ত বঙ্গভবন, গণভবন ও প্রধানমন্ত্রীর কার্যালয়সমূহে নির্ভরযোগ্য ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার লক্ষ্যে ১১ কেভি সুইচিং ষ্টেশন নির্মাণের জন্য প্রণীত ডিপিপিটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ০৯/১০/২০১৪ তারিখে অনুমোদিত হয়।

পরবর্তীতে Tender Document এবং Lowest Bidder Price-এর সাথে সমন্বয় করে ডিপিডিটি ১ম বার সংশোধন করা হয় যা মোট ৩০৭৫.৩১৬ লক্ষ (জিওবি ৩০৩৫.৭৬০ লক্ষ এবং ডিপিডিসি ৩৯.৫৫৬ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১ জুলাই ২০১৪ হতে ০৩ জুন ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১৯/০৬/২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

গণভবনের সুইচিং স্টেশনের জন্য নতুন ভবন নির্মাণ এবং বঙ্গভবনের সুইচিং স্টেশনের আয়তন বৃদ্ধি, অতিরিক্ত ২টি এয়ার কন্ডিশনারের সংস্থান এবং ডলারের মূল্য বৃদ্ধির কারণে প্রকল্পটি মোট ২৬৩১.০৫০ লক্ষ (জিওবি ২৫৯২.৮৫২ লক্ষ + ডিপিডিসি ৩৮.১৯৮ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১ জুলাই, ২০১৪ হতে ৩০ জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য ২য় বার সংশোধনের প্রস্তাব করা হয়েছে। ২০১৬-১৭ অর্থ বছর পর্যন্ত প্রকল্পের ভৌত ও আর্থিক অগ্রগতি সংযোজনী-'খ' -তে দ্রষ্টব্য। উল্লেখ্য, জানুয়ারি, ২০১৮ পর্যন্ত প্রকল্পের হালনাগাদকৃত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৯.২৬০২ কোটি টাকা যা অনুমোদিত প্রকল্প ব্যয়ের প্রায় ৭৩%।

**(খ) ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার উদ্দেশ্য ও লক্ষ্যের সাথে প্রকল্পের সংগতিপূর্ণতাঃ** ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে নিরবিচ্ছিন্ন ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা গড়ে তোলার উপর গুরুত্বারোপ করা হয়েছে। আলোচ্য প্রকল্পটির মাধ্যমে ৩টি Key Point Installation (বঙ্গভবন, গণভবন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়)-এ নিরবিচ্ছিন্ন ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ লক্ষ্যে ১১ কেভি সুইচিং স্টেশন স্থাপন করা হবে। ফলে প্রকল্পটি ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ।

**(গ) পরিকল্পনা কমিশনের মতামতঃ**

১. গণভবনের সুইচিং স্টেশনের জন্য নতুন ভবন এবং বঙ্গভবনের সুইচিং স্টেশনের আয়তন বৃদ্ধির জন্য প্রয়োজনীয় জায়গা বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট অফিসসমূহের অনুমোদন সংক্রান্ত পত্রসমূহ আরডিপিপি'তে অন্তর্ভুক্ত করা যেতে পারে।

২. বঙ্গভবনে ও গণভবনে স্থাপিতব্য সুইচিং স্টেশনে নতুন করে অতিরিক্ত দুটি ০৫ টন ক্ষমতার এয়ারকন্ডিশনের সংস্থান রাখার কারণ আরডিপিপি'তে উল্লেখ করতে হবে।

৩. পূর্তকাজ এবং যন্ত্রপাতিসমূহের ব্যয় প্রাক্কলনের ভিত্তি আরডিপিপি'তে প্রদর্শন করতে হবে।

৪. আরডিপিপি'র অনুচ্ছেদ-১১ তে শুধুমাত্র ২য় বার সংশোধনের কারণ উল্লেখ করতে হবে এবং একটি হেডিং-এ প্রদর্শন করতে হবে।

৫. প্রকল্পটির ১ম সংশোধনী হতে প্রস্তাবিত ২য় সংশোধনীতে সিডিভ্যাট খাতে সর্বাধিক পরিবর্তন (৪.৬৬ কোটি টাকা হ্রাস যা এখাতে অনুমোদিত ব্যয়ের প্রায় ৪৯.৫২ শতাংশ) হলেও তা সংশোধনের কারণ সংশ্লিষ্ট অনুচ্ছেদে (অনুঃ ১১) উল্লেখ করা হয়নি। এটি উল্লেখ থাকা প্রয়োজন।

৬. লগফ্রেম এর ইনপুট অংশ এবং প্রোকিউরমেন্ট প্ল্যানে বর্ণিত যন্ত্রপাতি ও পূর্তকাজের সময়সীমার ভিন্নতা রয়েছে। এক্ষেত্রে দুই স্থানেই সঠিক সময়সীমা উল্লেখ করতে হবে।

৭. আরডিপিপিতে প্রকল্পের হালনাগাদ বাস্তবায়ন অগ্রগতির বিবরণী অন্তর্ভুক্ত করতে হবে। প্রকল্পের অনুকূলে জানুয়ারি ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৯.২৬০২ কোটি টাকা -যা প্রস্তাবিত ২য় সংশোধিত ব্যয়ের প্রায় ৭৩%। এক্ষেত্রে পরবর্তী ৫ মাসে অবশিষ্ট ২৭% অগ্রগতি সম্ভবপর কি না তা সভাকে অবহিত করা যেতে পারে। এর জন্য একটি সুনির্দিষ্ট ওয়ার্ক প্লান তৈরী করতে হবে এবং তা সভায় উপস্থাপনসহ আরডিপিপিতে সন্নিবেশ করতে হবে।

৮. আলোচ্য প্রকল্পের আওতায় ইতোমধ্যে অনুষ্ঠিত PSC এবং PIC সভা অনুষ্ঠানের বিষয়ে বিদ্যুৎ বিভাগ সভাকে অবহিত করতে পারে।

(কাজী জাহাঙ্গীর আলম)
যুগ্ম-প্রধান
পরিকল্পনা কমিশন

সংযোজনী –ক

# ১ম সংশোধিত ডিপিপি ও ২য় সংশোধিত ডিপিপি'র মধ্যে প্রাক্কলিত ব্যয়ের তুলনাঃ

(লক্ষ টাকায়)

| ক | ইকনমিক সাবকোড বর্ণনা (বিস্তারিত) | অনুমোদিত ১ম সংশোধিত ডিপিপি | | | | ২য় সংশোধিত ডিপিপি | | | | পার্থক্য | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ | ব্যয় | | | পরিমাণ | ব্যয় | | | পরিমাণ | ব্যয় | | |
| | | | মোট | জিওবি (বৈদেশিক) | ডিপিডিসি | | মোট | জিওবি (বৈদেশিক) | ডিপিডিসি | | মোট | জিওবি (বৈদেশিক) | ডিপিডিসি |
| | ৩ | ৫ | ৬ | ৭ | ৮ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |
| জস্ব | | | | | | | | | | | | | |
| | অফিসারদের বেতন | - | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 |
| | কর্মচারীদের বেতন | - | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 |
| | ভাতা | - | ৭.০০ | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 |
| হ ও সেবা | | | | | | | | | | | | | |
| | ডাক | থোক | ০.২৫ | ০.২৫ | 0.00 | থোক | ০.২৫ | ০.২৫ | 0.00 | ০ | 0.00 | 0.00 | 0.00 |
| | স্টেশনারী, সিল ও স্ট্যাম্প | থোক | ০.৫০ | ০.৫০ | 0.00 | থোক | ০.৫০ | ০.৫০ | 0.00 | ০ | 0.00 | 0.00 | 0.00 |
| | আপ্যায়ন ব্যয় | থোক | ১.০০ | ১.০০ | 0.00 | থোক | ১.০০ | ১.০০ | 0.00 | ০ | 0.00 | 0.00 | 0.00 |
| | পরিবহন ব্যয় | ২৪মাস | ১৯.২০ | ১৯.২০ | 0.00 | ০ মাস | 0.00 | 0.00 | 0.00 | -২৪ মাস | -১৯.২০ | -১৯.২০ | 0.00 |
| | ক্ষতিপূরণ | থোক | ২০.০০ | ২০.০০ | 0.00 | থোক | ৮.৫০ | ৮.৫০ | 0.00 | ০ | -১১.৫০ | -১১.৫০ | 0.00 |
| | সয়েল টেস্ট | থোক | ৬.০০ | ৬.০০ | 0.00 | থোক | ২.০০ | ২.০০ | 0.00 | ০ | -৪.০০ | -৪.০০ | 0.00 |
| | রুট সার্ভে ও ম্যাপিং | থোক | ৪.০০ | ৪.০০ | 0.00 | থোক | 0.00 | 0.00 | 0.00 | ০ | -৪.০০ | -৪.০০ | 0.00 |
| | অনুলিপি ব্যয় | থোক | ০.২৫ | ০.২৫ | 0.00 | থোক | ০.২৫ | ০.২৫ | 0.00 | ০ | 0.00 | 0.00 | 0.00 |
| াট (রাজস্ব) | | | ৫১.২০ | ৫১.২০ | 0.00 | | ১২.৫০ | ১২.৫০ | 0.00 | | -৩৮.৭০ | -৩৮.৭০ | 0.00 |
| লধন | | | | | | | | | | | | | |
| | সম্পদ সংগ্রহ/ ক্রয় | | | | | | | | | | | | |
| . | কম্পিউটার ও যন্ত্রাংশ | ২ | ৩.০০ | ৩.০০ | 0.00 | ২ | ২.০০ | ২.০০ | 0.00 | 0.00 | -১.০০ | -১.০০ | 0.00 |
| . | অফিস আসবাবপত্র | থোক | ৪.০০ | ৪.০০ | 0.00 | থোক | ২.০০০ | ২.০০ | 0.00 | 0.00 | -২.০০ | -২.০০ | 0.00 |
| . | বৈদ্যুতিক মালামাল | লট | ১৮৪২.৭৫৩ | ১৮৪২.৭৫৩ (১৭৪২.৫৯৩) | 0.00 | ১.০০ | ১৯২৭.৬৫৯ | ১৯২৭.৬৫৯ (১৮২১.৯৪৩) | 0.00 | 0.00 | ৮৪.৯০৫ | ৮৪.৯০৫ (৭৯.৩৫০) | 0.00 |
| . | পূর্তকাজ | ৫৫.৭৪ ও ১৪৮.৬৪ ব:মি: | ৮৯.৬৪৩ | ৮৯.৬৪৩ | 0.00 | ৭৪.৩২, ৭৪.৩২ ও ১৪৮.৬৪ | ১০৫.০৫৩ | ১০৫.০৫৩ | 0.00 | ৯২.৯০ ব:মি: | ১৫.৪১০ | ১৫.৪১০ | 0.00 |
| ৩ | ডিজাইন, ইন্সটলেশন, টেস্টিং ও কমিশনিং | ১.০০ | ১৫.০০ | ১৫.০০ | 0.00 | .১.০০ | ১৫.০০০ | ১৫.০০০ | 0.00 | লট | 0.00 | 0.00 | 0.00 |
| . | সিডি ভ্যাট (আমদানিকৃত পণ্যের পড়ে ২৬.০৭%) | ৫৪% | ৯৪১.০০ | ৯৪১.০০ | 0.00 | ২৬.০৭% | ৪৭৫.০০০ | ৪৭৫.০০০ | 0.00 | -২৭.৯% | -৪৬৬.০০ | -৪৬৬.০০ | 0.00 |
| . | আয়কর ও ভ্যাট (স্থাপনা ব্যয় ও পূর্ত নির্মাণের ১০.৫%) | ১০.৫% | ১০.৯৮৮ | ১০.৯৮৮ | 0.00 | ১০.৫% | ১২.৬০৬ | ১২.৬০৬ | 0.00 | 0.0% | ১.৬১৮ | ১.৬১৮ | 0.00 |
| . | আইডিসি (স্থানীয় মুদ্রায় জিওবি খাতের ৩% হারে ৬০% ইকুইটি বিবেচনায়) | থোক | ৩৯.৫৫৬ | 0.00 | ৩৯.৫৫৬ | থোক | ৩৮.১৯৮ | 0.00 | ৩৮.১৯৮ | থোক | -১.৩৬ | 0.00 | -১.৩৬ |
| াট | | | ২৯৪৫.৯৪০ | ২৯০৬.৩৮৪ | ৩৯.৫৫৬ | | ২৫৭৭.৫১৬ | ২৫৩৯.৩১৮ | ৩৮.১৯৮ | | -৩৬৮.৪২৪ | -৩৬৭.০৬৭ | -১.৩৫৮ |
| াইজ১ কনটিনজেন্সি (প্রকল্প ব্যয়ের ১%) | | ২% | ৩৯.০৮৮ | ৩৯.০৮৮ | 0.00 | ১% | ২০.৫১৭ | ২০.৫১৭ | 0.00 | ১% | -১৮.৫৭১ | -১৮.৫৭১ | 0.000 |
| ফিজিক্যাল কনটিনজেন্সি (প্রকল্প ব্যয়ের ১%) | | ২% | ৩৯.০৮৮ | ৩৯.০৮৮ | 0.00 | ১% | ২০.৫১৭ | ২০.৫১৭ | 0.00 | ১% | -১৮.৫৭১ | -১৮.৫৭১ | 0.000 |
| | সর্বমোট (ক+খ+গ+ঘ) | | ৩০৭৫.০১৬ | ৩০৩৫.৭৬০ (১৭৪২.৫৯৩) | ৩৯.৫৫৬ | | ২৬৩১.০৫০ | ২৫৯২.৮৫২ (১৮২১.৯৪৩) | ৩৮.১৯৮ | | -৪৪৪.২৬৬ | -৪৪২.৯০৮ (৭৯.৩৫০) | -১.৩৫৮ |

# ২০১৬-১৭ অর্থ বছর পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি

সংযোজনী –খ

| ক্রমিক নং | ইকনমিক সাবকোড বর্ণনা (বিস্তারিত) | ক্রমপুঞ্জিত অগ্রগতি (২০১৬-১৭ পর্যন্ত) | | | | সম্ভাব্য ব্যয় ২০১৭-১৮ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ | ব্যয় (লক্ষ টাকায়) | | | পরিমাণ | ব্যয় (লক্ষ টাকায়) | | |
| | | | মোট | জিওবি (বৈদেশিক) | নিজস্ব অর্থ (বৈদেশিক) | | মোট | জিওবি (বৈদেশিক) | নিজস্ব অর্থ (বৈদেশিক) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| (ক) রাজস্ব | | | | | | | | | |
| | অফিসারদের বেতন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | কর্মচারীদের বেতন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | ভাতা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | সরবরাহ ও সেবা | থোক | ০.৬০০ | ০.৬০ | ০.০০ | থোক | ১১.৯০ | ১১.৯০ | ০.০০ |
| উপ-মোট (রাজস্ব) | | | ০.৬০ | ০.৬০ | ০.০০ | | ১১.৯০ | ১১.৯০ | ০.০০ |
| (খ) মূলধন | | | | | | | | | |
| সম্পদ সংগ্রহ/ ক্রয় | | | | | | | | | |
| | অফিস আসবাবপত্র, কম্পিউটার ও যন্ত্রাংশ (পৃষ্ঠা নং-২৪) | - | ৩.৮৯ | ৩.৮৯ | ০.০০ | - | ০.১১ | ০.১১ | ০.০০ |
| | বৈদ্যুতিক মালামাল (পৃষ্ঠা নং- ১৫-১৮) | ১ লট | ১৪০৭.২৭ | ১৪০৭.২৭ | ০.০০ | ১ লট | ৫২০.৩৮৯ | ৫২০.৩৮৯ | ০.০০ |
| পূর্তকাজ | | | | | | | | | |
| | পূর্তকাজ (পৃষ্ঠা নং- ১৯-২৩) | ৭৪.৩২, ৭৪.৩২ ও ১৪৮.৬৪ ব:মি: | ০.০০ | ০.০০ | ০.০০ | ৭৪.৩২, ৭৪.৩২ ও ১৪৮.৬৪ ব:মি: | ১০৫.০৫৩ | ১০৫.০৫৩ | ০.০০ |
| | ডিজাইন, ইন্সটলেশন, টেস্টিং ও কমিশনিং | ১ লট | ০.০০ | ০.০০ | ০.০০ | ১ লট | ১৫.০০ | ১৫.০০ | ০.০০ |
| | সিডি ভ্যাট (আমদানিকৃত পণ্যের ২৬.০৭%) | ২৬.০৭% | ৪৭৫.০০ | ৪৭৫.০০ | ০.০০ | ২৬.০৭% | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | আয়কর ও ভ্যাট | ১০.৫% | ০.০০ | ০.০০ | ০.০০ | ১০.৫% | ১২.৬০৬ | ১২.৬০৬ | ০.০০ |
| | আইডিসি (স্থানীয় মুদ্রায় জিওবি খাতের ৩% হারে ৬০% ইকুইটি বিবেচনায়) | থোক | ০.০০ | ০.০০ | ০.০০ | থোক | ৩৮.১৯৮ | ০.০০ | ৩৮.১৯৮ |
| উপ-মোট (মূলধন) | | | ১৮৮৬.১৬০ | ১৮৮৬.১৬০ | ০.০০ | | ৬৯১.৩৫৬ | ৬৫৩.১৫৮ | ৩৮.১৯৮ |
| (গ) প্রাইজ কনটিনজেন্সি (প্রকল্প ব্যয়ের ১%) | | ১% | ০.০০ | ০.০০ | ০.০০ | ১% | ২০.৫১৭ | ২০.৫১৭ | ০.০০ |
| (ঘ) ফিজিক্যাল কনটিনজেন্সি (প্রকল্প ব্যয়ের ১%) | | ১% | ০.০০ | ০.০০ | ০.০০ | ১% | ২০.৫১৭ | ২০.৫১৭ | ০.০০ |
| সর্বমোট (ক+খ+গ+ঘ) | | | ১৮৮৬.৭৬০ | ১৮৮৬.৭৬ (-১৩১৯.০১) | ০.০০ | | ৭৪৪.২৯০ | ৭০৬.০৯২ (-৫০২.৯০৩) | ৩৮.১৯৮ |